

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd  
ই-মেইল: ntrca2005@yahoo.com

**অনলাইনে e-Requisition প্রদানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক পালনীয় নির্দেশনাবলী:-**

১. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ, কারিগরি, মাদরাসা, ব্যবসায় ব্যবস্থাপনা) সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অবশ্যই অনুসরণ করতে হবে।
২. পদটি প্রকৃত শূন্য কিনা নিশ্চিত হয়ে চাহিদা প্রদান করতে হবে।
৩. চাহিত পদটি জেনারেল শাখা, না টেকনিক্যাল শাখায় তা নিশ্চিত হয়ে e-Requisition Form যথাযথভাবে পূরণ করতে হবে।
৪. পূরণকৃত e-Requisition Form টি ডাউনলোড করে হার্ডকপি সংরক্ষণ করতে হবে।
- ৫. সরকার নির্ধারিত মহিলা কোটার পরিপত্র অনুসরণ করতে হবে।**
৬. যে পদের বিষয় স্বীকৃতি ও অধিভুক্তি আছে সে পদের বিপরীতে e-Requisition দিতে হবে।
৭. চাহিত পদটি MPO অথবা NON-MPO তা অবশ্যই সঠিকভাবে উল্লেখ করতে হবে।
৮. মোট অনুমোদিত পদের নাম ও সংখ্যা উল্লেখ করতে হবে। কর্মরত পুরুষ ও মহিলা শিক্ষকের সংখ্যাও উল্লেখ করতে হবে।
৯. কোন পদের বিপরীতে মামলা থাকলে ঐ পদের চাহিদা প্রদান করা যাবে না।
১০. শূন্য পদ প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের পরামর্শের প্রয়োজন হলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করতে হবে।
১১. কারিগরি শাখা হলে চাহিত পদের নামটি ভালভাবে দেখে পূরণ করতে হবে।
১২. শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত e-Requisition সঠিক কিনা তা সংশ্লিষ্ট উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসার অবশ্যই যাচাই করবেন।
- ১৩. e-Requisition এর ক্ষেত্রে কোন ভুল তথ্য অথবা অসম্পূর্ণ তথ্য প্রদান করলে তার দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে এবং তার বিরুদ্ধে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮.১(ঘ) অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।**

পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)  
এনটিআরসিএ, ঢাকা।  
ফোন নং ০২-৪১০৩০১২১.